

তারিখ: ১৯/০১/২০২২ খ্রি.

**২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি (পুনঃসংশোধিত)**

২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ Online-এ সম্পন্ন করতে হবে। অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীকে ডাটা এন্ট্রি সম্পন্ন করার পরে প্রিন্টকপি হিসাব শাখায় জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল। উল্লেখ্য যে, ইনকোর্স পরীক্ষার নম্বর Online-এ এন্ট্রি ব্যতীত ফরম পূরণের সুযোগ নেই বিধায় সকল প্রকার পরীক্ষার্থীর ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

\*\* প্রিন্টকপি ও নির্ধারিত ফি কলেজে জমা দেয়ার তারিখ-

(ক) বিএ এবং বিবিএস- ২য় বর্ষ (নিয়মিত) : ০৮/০২/২০২২ খ্রি.

(খ) বিএসএস এবং বিএসসি- ২য় বর্ষ (নিয়মিত) : ০৯/০২/২০২২ খ্রি.

(গ) সকল বিভাগের অনিয়মিত/মানোন্নয়ন/প্রাইভেট/সার্টিফিকেট কোর্স : ১২/০২/২০২২ খ্রি.

\*\* ডিগ্রী পাস ২য় বর্ষ (নিয়মিত): ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৯ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৯ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে, তারা ২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। তাদেরকে “বাংলা জাতীয় ভাষা” আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়সমূহের ৩য় ও ৪র্থ পত্রের সকল পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।


\*\* ডিগ্রী পাস ২য় বর্ষ (অনিয়মিত): ২০১৭-১৮, ২০১৬-১৭, ২০১৫-১৬ ও ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৭, ২০১৬ ও ২০১৫ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৯, ২০১৮, ২০১৭, ২০১৬ ও ২০১৫ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু ২০১৮, ২০১৮, ২০১৭ ও ২০১৬ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে Not Promoted হয়েছে, তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। ২০১৭-১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৯ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে শর্তসাপেক্ষে উত্তীর্ণ (C. Promoted) হয়েছে, তাদেরকে অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

\*\* অকৃতকার্য ও মানোন্নয়ন: ২০১৭-১৮, ২০১৬-১৭, ২০১৫-১৬ ও ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৭, ২০১৬ ও ২০১৫ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৯, ২০১৮, ২০১৭ ও ২০১৬ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে বা এক বা একাধিক কোর্সে “F” গ্রেড পেয়েছে, তারা “F” গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০১৭-১৮ শিক্ষাবর্ষের যেসকল শিক্ষার্থী ২০১৯ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C বা D পেয়েছে, তারা সর্বোচ্চ দু’টি ‘C বা D’ গ্রেড প্রাপ্ত কোর্সে মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

\*\* সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ (২০০ নম্বর): ২০১৯, ২০১৮ ও ২০১৭ শিক্ষাবর্ষের সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৯, ২০১৮ ও ২০১৭ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে, তারা এ পরীক্ষায় ২য় বর্ষের নির্ধারিত বিষয়ের ৩য় ও ৪র্থ পত্রে অংশগ্রহণ করবে।

\*\* ফি বিবরণী:

বিভাগ	জাতীয় বিশ্ববিদ্যালয়			কলেজ		সর্বমোট
	পরীক্ষার ফি	ইনকোর্স	অন্তর্ভুক্তি	কেন্দ্র	ব্যবস্থাপনা	
বিএ/বিএসএস/বিবিএস- (নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট)	৭ পত্র X ১০০=৭০০	১০০	--	৪৫০	৫০	১৩০০/-
বিএসসি- (নিয়মিত/অনিয়মিত)	৭ পত্র X ১০০=৭০০	১০০	--	৪৫০	৫০	১৩০০/-
সার্টিফিকেট কোর্স (২০০ নম্বর)	২ পত্র X ১০০=২০০	১০০	--	৪৫০	৫০	৮০০/-
অকৃতকার্য/মানোন্নয়ন	১ পত্র X ১০০=১০০	--	৩০০	৪৫০	৫০	৯০০/-
	২ পত্র X ১০০=২০০	--	৩০০	৪৫০	৫০	১০০০/-

  
(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)  
অধ্যক্ষ  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। আহ্বায়ক, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা-২০২০ কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে আগামী ০৩/০৩/২০২২ খ্রি. তারিখের মধ্যে প্রশ্নপত্র চাহিদা কলেজ অফিসে জমাদানের জন্য অনুরোধ করা হলো।
- ৩। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।
- ৫। সংরক্ষণ নথি।